

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৩৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তির তাশাহহুদে দুই উরুর উপর হাত রাখা সম্পর্কে বর্ণনা

ذِكْرُ وَضْعِ الْيَدَيْنِ عَلَى الْفَخِذَيْنِ فِي التَّشَهُّدِ للمصلي

আরবী

1939 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِك عَنْ مُسلِمِ بْنِ أَبِي مَرْيَمَ عَنْ عَلِيّ بْنِ عَبْدِ الرَّحْمَنِ الْمُعَاوِيِّ أَنَّهُ قَالَ: رَآنِي ابْنُ عُمَرَ وَأَنَا مُسلِمٍ بْنِ أَبِي مَرْيَمَ عَنْ عَلِيّ بْنِ عَبْدِ الرَّحْمَنِ الْمُعَاوِيِّ أَنَّهُ قَالَ: رَآنِي ابْنُ عُمَرَ وَأَنَا مُسلِمٍ بْنِ أَبِي مَرْيَمَ فِي الصَّلَاةِ فَلَمَّا انْصَرَفَ نَهَانِي وَقَالَ: اصْنَعْ كَمَا كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يصنع قَالَ: كَانَ إِذَا جَلَسَ فِي الصَّلَاةِ وَضَعَ كَفَّهُ الْيُمْنَى عَلَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يصنع قَالَ: كَانَ إِذَا جَلَسَ فِي الصَّلَاةِ وَضَعَ كَفَهُ الْيُمْنَى عَلَى فَخَذِهِ الْيُمْنَى وَقَبَضَ أَصَابِعَهُ كُلَّهَا وَأَشَارَ بِأُصِبُعِهِ الَّتِي تَلِي الْإِبْهَامَ وَوَضَعَ كَفَه اليسرى على فَخَذه اليسرى.

الراوي: عَلِيّ بْن عَبْدِ الرَّحْمَنِ الْمُعَاوِيّ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1939 اخلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (907)

বাংলা

১৯৩৯. আলী বিন আব্দুর রহমান আল মুআবী থেকে বর্ণিত, তিনি বলেন, "আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহু আমাকে দেখলেন যে, আমি নুড়ি পাথর নিয়ে সালাতে অনর্থক নাড়ানাড়ি করছি। অতঃপর যখন তিনি সালাত শেষ করলেন, তখন তিনি আমাকে এরকম করতে নিষেধ করলেন এবং বললেন, "তুমি সালাতে তেমনি করবে, যেমন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম করতেন।" তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন সালাতে বসতেন, তখন ডান হাতের তালু ডান উরুর উপর রাখতেন আর অন্যান্য আব্দুলগুলিকে মুষ্টিবদ্ধ করতেন এবং বৃদ্ধাব্দুলির পরের আব্দুল অর্থাৎ তর্জনীর সাহায্যে ইশারা করতেন। আর বাম হাতকে বাম উরুর উপর রাখতেন।"[1]



ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ৬৭৫; মুয়াতা ইমাম মালিক: ১/৮৮-৮৯; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৮৭-৮৮; সহীহ মুসলিম: ৫৮০; আবূ দাউদ: ৯৮৭; নাসাঈ: ৩/৩৬; আবূ আওয়ানা: ২/২২৩; সুনান বাইহাকী: ২/১৩০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৯০৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবদুর রহমান মু'আবী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন